



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
সাধারণ শাখা
www.rajbari.gov.bd

জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে উপদেষ্টা কমিটির মার্চ ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	সুলতানা আক্তার জেলা প্রশাসক
সভার তারিখ	১৬ মার্চ ২০২৫
সভার সময়	সকাল ১১:৪৫
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
উপস্থিতি	(সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী জেলা পর্যায়ে তথ্য অধিকার আইনের বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে উপদেষ্টা কমিটির সভার বিগত মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের সভার সিদ্ধান্ত মোতাবেক জেলা পর্যায়ের তথ্য অধিকার আইনের বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে নিয়মিত উপদেষ্টা কমিটির সভা আয়োজন।	নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার আইনের বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে সকল সদস্যের অংশগ্রহণে নিয়মিত উপদেষ্টা কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে এবং এ ধারা অব্যাহত রাখতে হবে।	কমিটির সকল সদস্য
২	তথ্য কমিশন এবং মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্য অধিকার সংক্রান্ত মাসিক এবং ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ।	তথ্য কমিশন এবং মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্য অধিকার সংক্রান্ত মাসিক এবং ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত জেলা এবং উপজেলা কার্যালয় হতে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।	জেলার সকল দপ্তর প্রধান, (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী
৩	তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ অনুযায়ী ওয়েবসাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ।	তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



০৯-০৪-২০২৫

সুলতানা আক্তার

জেলা প্রশাসক

০২-৪৭৮৮০৭৫৩৩ (ফোন)

০২-৪৭৮৮০৮০৫৯ (ফ্যাক্স)

dcrajbari@mopa.gov.bd

তারিখ: ২৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৩০.৮২০০.০০০.০২৩.৬৫.০০০১.২৫.১৪৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব (রগটিন দায়িত্ব), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫।, রাজবাড়ী।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী।
- ৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (কার্যবিবরণী জেলার ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।



০৯-০৪-২০২৫

সুলতানা আক্তার

জেলা প্রশাসক